



সৈয়দ আবু জাফর উচ্চবিদ্যালয়

SYED ABU ZAFAR HIGH SCHOOL

Makrail, Madhukhali, Faridpur.

<http://sazhs.bd.education>, E.IIN: 135352, Mobile: 01726094041, E-mail: -s135352@hotmail.com, School code: 5143

স্মারক নং- সৈ.আ.জা.উ.বি. ২০৬/২৫

তারিখঃ ০৩/১২/২০২৫খ্রিঃ

নোটিশঃ

এই মর্মে সৈয়দ আবু জাফর উচ্চ বিদ্যালয়ের সকল শিক্ষক-কর্মচারী ও শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শীতকালীন অবকাশ, বিজয় দিবস এবং যীশু খ্রীষ্টের জন্মদিন উপলক্ষ্যে আগামী ১৪ ডিসেম্বর থেকে ২৮ ডিসেম্বর/২০২৫ ইং তারিখ পর্যন্ত বিদ্যালয় বন্ধ থাকবে। ৮ম শ্রেণিতে অধ্যয়নরত জুনিয়র বৃত্তি পরীক্ষা-২০২৫ এ অংশগ্রহনকৃত শিক্ষার্থীদের বিশেষ কোচিং আগামী ০৪-১২-২০২৫ ইং তারিখ সকাল ১০.০০ ঘটিকা থেকে শুরু হবে। কোচিং এর রুটিন পরবর্তীতে জানিয়ে দেওয়া হবে। জুনিয়র বৃত্তি পরীক্ষা-২০২৫ এ অংশগ্রহনকৃত শিক্ষার্থীদের বিশেষ কোচিং এ নির্ধারিত সময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশনা প্রদান করা হলো। এছাড়া বার্ষিক পরীক্ষা ও নির্বাচনী পরীক্ষা-২০২৫ এর ফলাফল আগামী ৩০ ডিসেম্বর বিকাল ৩.০০ ঘটিকায় প্রকাশ করা হবে। ফলাফল প্রকাশের নির্ধারিত সময়ে সকল শিক্ষার্থীদের এবং অভিভাবকদের উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। প্রকাশ থাকে যে, নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের এসএসসি পরীক্ষা-২০২৬ এ অংশগ্রহনের জন্য ফরম পূরন শুরু হবে ০১/১২/২০২৫ ইং তারিখ থেকে। নির্ধারিত সময়ে ফরম পূরন সম্পন্ন করার জন্য সকল শিক্ষার্থীদের মানসিক প্রস্তুতি গ্রহনের জন্য নির্দেশনা প্রদান করা হলো। এছাড়া নির্ধারিত সময়ে বার্ষিক পরীক্ষা ও নির্বাচনী পরীক্ষার ফলাফল প্রদান সুসম্পন্ন করার জন্য পরীক্ষার খাতা মূল্যায়নে নিয়োজিত সকল শিক্ষকদের আগামী ১৪/১২/২০২৫ ইং তারিখের মধ্যেই পরীক্ষার খাতা যথাযথ মূল্যায়ন করে নম্বরপত্রসহ বিদ্যালয়ের অফিসে জমা দেওয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। তাছাড়াও আগামী ১৬ই ডিসেম্বর ২০২৫খ্রিঃ তারিখে উপজেলা পর্যায়ে বিজয় দিবস উদযাপন অনুষ্ঠানে কুজকাওয়াজ ও ডিসপ্লেতে অত্র বিদ্যালয়ের শিক্ষার্থীরা অংশগ্রহন করবে সেই লক্ষ্যে কুজকাওয়াজ ও ডিসপ্লেতে যে সকল শিক্ষার্থী অংশগ্রহন করবে তাদেরকে প্রস্তুতি গ্রহনের জন্য বলা হলো এবং বিদ্যালয়ের শারীরচর্চা শিক্ষক মোহাম্মাদ নাজিমুদ্দীন কে কুজকাওয়াজ এবং সহকারী শিক্ষক মোঃ ইলিয়াস মুখা কে ডিসপ্লেতে অংশগ্রহনকারী শিক্ষার্থীদের তদারকী করে নির্ধারিত সময়ে শিক্ষার্থীদের নিয়ে ১৬ই ডিসেম্বর মধুখালী উপজেলায় বিজয় দিবস অনুষ্ঠানে অংশগ্রহন করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

সৈয়দ আবু জাফর ইসলাম
প্রধান শিক্ষক
সৈয়দ আবু জাফর উচ্চ বিদ্যালয়
মধুখালী, ফরিদপুর।